দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 3 MAY 1989
পৃষ্ঠা 5 কলাম 3

018

# শিক্ষাঙ্গনে

## কলেজ অব টেক্সটাইল টেকনোলজীতে ভর্তি প্রসঙ্গে

টেক্সটাইল টেকনোলজীর ভর্তি বিজ্ঞপ্তিতে নিয়মিত এবং অনিয়মিত ছাত্র-ছাত্রীদের জন্য ২ রকম যোগ্যতা চাওয়া হয়েছে। অর্থাৎ বিজ্ঞপ্তি ৩ নং এবং ৪ নং কলাম অনুযায়ী নিয়মিত ছাত্র-ছাত্রীদের জন্য যে যোগ্যতা চাওয়া হয়েছে অনিয়মিত ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে তার চেয়ে গড়ে এবং আলাদাভাবে প্রতিটি বিষয়ে ৫% নম্বর বেশী চাওয়া হয়েছে।

অথচ সেখানে বুয়েট এবং বি, আই, টিতে নিয়মিত এবং অনিয়মিত প্রার্থীদের জন্য একই যোগ্যতা চাওয়া হয়। আর সেখানে টেক্সটাইল টেকনোলজীতে তিনবার ভর্তি পরীক্ষার সুযোগ দেয়া হয়, সেখানে ৫% নম্বর বেশী চেয়ে অনিয়মিত ছাত্র-ছাত্রীদের এরূপ অসুবিধায় ফেলার অর্থ কি?

এ ক্ষেত্রে আমাদের জিজ্ঞাসা— যেখানে ভর্তি পরীক্ষাই চূড়ান্ত মাপকাঠি সেখানে এই ৫% নম্বর বেশী চেয়ে অনিয়মিত ছাত্র-ছাত্রীদের পরীক্ষা দেয়ার সুযোগ হতে কেন বঞ্চিত করা হয়? অনিয়মিতদের জন্য এ ৫% নম্বর বাড়িয়ে চাওয়ার পিছনে কি যুক্তি এটা আমাদের বোধগম্য নয়। অতএব, উপরোক্ত বিষয়টি সদয় বিবেচনার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

—খন্দকার মনিরুজ্জামান,